অঙ্গজ্যোতিতে লীন হইয়া থাকে। আমরা তাহাদিগকে দূর হইতে প্রণাম করিব বটে, কখনও তাহাদের সঙ্গ করিব না। যেহেতু তাহারা তোমাকে ভালবাসে না। যাহারা তোমাকে ভালবাসে না, তাহারা যত বড়ই হউক না কেন, তাহাদের সহিত আমাদের কোনই সম্বন্ধ নাই। এই শ্রীউদ্ধবের উক্তিতে বেশ বুঝা গেল—শ্রীকৃষ্ণ-সম্বন্ধ নাই বলিয়া এমন মুনীশ্বরগণেও কোন উপাদেয় অর্থাৎ আদর-বুদ্ধি নাই। আবার শ্রীকৃষ্ণ-সম্বন্ধ আছে বলিয়া অতি দীনজনের প্রতিও আদর-বুদ্ধি প্রকাশ করিতেছেন ; যথা—হে মহা-যোগীন্দ্রগণসেবিতপদারবিন্দ! আমরা কিন্তু কর্ম্মময় সংসারে পরিভ্রমণ করিতে করিতে তোমার প্রিয়জন-সঙ্গে মিলিত হইয়া তোমার কথাপ্রসঙ্গ কীর্ত্তন করিতে করিতে অনায়াসে দুস্তর সংসার উত্তীর্ণ হইব। আমাদের মায়া উত্তীর্ণ হইবার জন্য কোন প্রয়াস পাইতে হইবে না। তুমি যে সকল লীলা করিয়াছ, যাহা শ্রীমুখে বলিয়াছ এবং তোমার গমনভঙ্গী, উচ্চহাস্য, প্রীতিমাখা চাহনি এবং পরিহাস-বচন—যাহা যাহা মনুষ্যলোকের অনুকরণ-যুক্ত, সেইসকল চেষ্টা স্মরণ করিতে করিতে ও কীর্ত্তন করিতে করিতে অনায়াসে আমরা এ মায়াময় সংসার উত্তীর্ণ হইব। ১১।৭ অধ্যায়ে "ত্বন্তু সর্ব্বং পরিত্যজ্য"— এই শ্লোকটী শ্রীভগবান্ শ্রীউদ্ধবকে বলিয়াছেন ॥ ৬৬ ॥

অগ্রে চ জ্ঞানযোগস্য কেবলস্যাসাধ্যত্বং ভক্তিযোগস্য তু সুখসাধ্যত্বমানুষঙ্গিকতয়া জ্ঞানজনকত্বং স্বয়মপি পুরুষার্থত্বঞ্চেতি। যথা—ন কুর্য্যান্ন বদেৎ কিঞ্চিৎ ন ধ্যায়েৎ সাধ্বসাধুবা। আত্মরামোহনয়া বৃত্ত্যা বিচরেজ্জড়বন্মুনিরিত্যন্তেন গ্রন্থেন জ্ঞানযোগ মুক্ত্বা ভক্তিযোগমুদ্ভাবয়িতুমাহ—শব্দব্রহ্মনি নিষ্ণাতো ন নিষ্ণায়াৎ পরে যদি। শ্রমস্তস্য শ্রমফলো হ্যধেনুমিব রক্ষতঃ ॥ ৬৭ ॥

অগ্রেও ১১ অধ্যায়ে শ্রীভগবান্ শ্রীউদ্ধবকে যে উপদেশ করিয়াছেন, তাহাতেও ভক্তিশূন্য কেবল জ্ঞানযোগের মুক্তিসাধনের অসামর্থ্য, কিন্তু ভক্তিযোগের সুখসাধ্যত্ব ও আনুষঙ্গিকভাবে বিশুদ্ধ-জ্ঞান-জনকত্ব এবং ভক্তিযোগের স্বয়ংই পরপুরুষার্থতা দেখান হইয়াছে। অর্থাৎ ভক্তিহীন জ্ঞান মুক্তি দিতে পারে না। কিন্তু ভক্তিযোগ অনুষ্ঠান যেমন সুখময়, তেমনি অনুসন্ধানে বিশুদ্ধ জ্ঞান জন্মাইয়া থাকেন। অথচ ভক্তিযোগ নিজেই সাধন, নিজেই সাধ্য ; ভক্তিযোগের ভক্তি ভিন্ন অন্য কোন সাধ্য নাই। এই সকল উপদেশে ভক্তিযোগেরই অবশ্য-কর্ত্তব্যতা দেখান হইয়াছে। যথা—যে জন দৈহিককর্ম্মেও উদাসীন হইয়া মুখে ভাল বা মন্দ কিছু বলে না, মনেও ভাল বা মন্দ কিছু ভাবে না, সর্ব্বদা নিজ স্বরূপানন্দে নিমগ্ন থাকিয়া অকর্ম্মণ্য জড়ের মত সতত আত্মতত্ত্ব-চিন্তাশীল, এইরূপ বৃত্তি অবলম্বন করিয়া